




মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
www.rajshahieducationboard.gov.bd

বিজ্ঞপ্তি নম্বর- রাশিবো/মাধ্য/পনি-৯০

তারিখ : ০৪ মে ২০১৭

বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর আওতাধীন সকল কেন্দ্র সচিব/অধ্যক্ষ/প্রধান শিক্ষকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এসএসসি পরীক্ষা ২০১৭ এর উত্তরপত্র পুনঃনিরীক্ষণের জন্য “টেলিটক বাংলাদেশ লিমিটেড” এর পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির SMS করার পদ্ধতি নিম্নরূপ : (০৫ মে ২০১৭ থেকে ১১ মে ২০১৭ পর্যন্ত) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল থেকে উত্তরপত্র পুনঃনিরীক্ষণের আবেদন করা যাবে। মোবাইল Message অপশনে গিয়ে RSC লিখে <Space > দিয়ে RAJ লিখে <Space > দিয়ে রোল নম্বর লিখে আবার <Space> দিয়ে Subject Code লিখে SMS করুন 16222 নম্বরে। এক্ষেত্রে প্রতি বিষয় এবং প্রতিটি পত্রের জন্য ১২৫ টাকা হারে ফি প্রযোজ্য হবে। ফিরতি SMS-এ একটি PIN Number প্রদান করা হবে। তারপর Message অপশনে গিয়ে RSC লিখে <Space > দিয়ে YES লিখে <Space > দিয়ে PIN Number <Space > দিয়ে যোগাযোগ মোবাইল নম্বর লিখে SMS করুন 16222 নম্বরে। যে সকল বিষয়ের দুটি পত্র (বাংলা ও ইংরেজি) রয়েছে সে সকল বিষয়ে ১টি Subject Code (বাংলার জন্য 101, ইংরেজির জন্য 107) এর বিপরীতে দুটি পত্রের আবেদন হিসেবে গণ্য হবে এবং আবেদন ফি হিসেবে ২৫০ টাকা প্রযোজ্য হবে। একই SMS- এর মাধ্যমে একাধিক বিষয়ের আবেদন করা যাবে। এ ক্ষেত্রে Subject Code পর্যায়েক্রমে কমা (,) দিয়ে লিখতে হবে।


প্রফেসর তরুণ কুমার সরকার
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন : ০৭২১-৭৭৬২৩১ (অফিস)

স্মারক নম্বর- রাশিবো/মাধ্য-১/পনি-১১২(১৯)

তারিখ : ০৪ মে ২০১৭

অনুলিপি অবগতি ও কার্যার্থে

- ১-৪. সচিব/কলেজ পরিদর্শক/বিদ্যালয় পরিদর্শক/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), রাজশাহী শিক্ষা বোর্ড
- ৫-৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট/ প্রধান মূল্যায়ন অফিসার/উপ-সচিব(প্রশাসন), রাজশাহী শিক্ষা বোর্ড
- ৮-১২. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক/জেএসসি/সনদ ও রেকর্ড/স্ক্রিপ্ট), রাজশাহী শিক্ষা বোর্ড
১৩. রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কেন্দ্র সচিব (কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানে বিজ্ঞপ্তি বিলি করার জন্য অনুরোধ করা হ'ল)
১৪. রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষক
১৫. জি.এম.(মার্কেটিং), টেলিটক বাংলাদেশ লিমিটেড, গোল্ডেন এজ, গুলশান-২, ঢাকা - ১২০০
১৬. নিরাপত্তা অফিসার, রাজশাহী শিক্ষা বোর্ড
১৭. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাজশাহী শিক্ষা বোর্ড
১৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্ক্রিপ্ট শাখা, রাজশাহী শিক্ষা বোর্ড
১৯. অফিস নথি